| উন্নয়নের অক্সিজেন রাজস্ব |
|---|

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.nbr.gov.bd

| জনকল্যাণে রাজস্ব |
|---|

প্রেস বিজ্ঞপ্তিঃ ঢাকা, ৩ জানুয়ারি ২০১৭ খ্রিঃ।

রাজস্ব সুরক্ষা-ভোক্তা অধিকার সংরক্ষণের লক্ষ্যে গুরুত্বপূর্ণ স্টেকহোল্ডার ও এনবিআর অংশীদারিত্ব সংলাপ অনুষ্ঠিত

## ভোক্তাবান্ধব-ডিজিটাল এনবিআর গঠন ও রাজস্ব ফাঁকি রোধে অংশীজনদের সর্বাত্মক সহযোগিতার প্রত্যাশা

বাংলাদেশকে ২০২১ সালের মধ্যে একটি মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত রাষ্ট্রে পরিণত করার অভীষ্ট লক্ষ্য অর্জনে প্রয়োজন কাঙ্খিত রাজস্ব। নির্ধারিত রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনে জাতীয় রাজস্ব বোর্ড অংশীজনদের সাথে নিবিড় সম্পর্ক তৈরির উদ্যোগ নিয়েছে। এই ধারাবাহিকতায় রাজস্ব সুরক্ষা ও ভোক্তা অধিকার সংরক্ষণে বহুমাত্রিক কার্যক্রম গ্রহণ করার জন্য বাংলাদেশ ব্যাংক (বিবি), কনজুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব), যৌথ মূলধন কোম্পানি ও ফার্মসমূহের নিবন্ধকের কার্যালয় (আরজেএসসি), জাতীয় ভোক্তা অধিকার ও সংরক্ষণ অধিদপ্তর, পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর, ইন্টেলেকচুয়াল প্রোপ্রার্টি অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (আইপিএবি), বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস) এবং জাতীয় রাজস্ব বোর্ডের নিবিড় ও কার্যকর সম্পৃক্ততা প্রয়োজন।

রাজস্ব আহরণ কার্যক্রম জোরদারকরণের পাশাপাশি দেশে ভোক্তা অধিকার সংরক্ষণ, জনস্বাস্থ্য, পরিবেশ ইত্যাদি বিষয়ে নাগরিকদের সচেতন ও উৎসাহিত করার লক্ষ্যে **'জাতীয় রাজস্ব বোর্ড (NBR) ও বিবি, ক্যাব, আরজেএসসি, জাতীয় ভোক্তা অধিকার ও সংরক্ষণ অধিদপ্তর, আইপিএবি, বেসিস'** এর সাথে **'অংশীদারিত্বমূলক সংলাপ'** আজ ০৩ জানুয়ারি ২০১৭ সকাল ১০.৩০ ঘটিকায় জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। জাতীয় রাজস্ব বোর্ডের কার্যক্রমের ওপর সংক্ষিপ্ত উপস্থাপনা করা হয়। ভ্যাট সংগ্রহে জনগণকে উৎসাহিত ও উদ্বুদ্ধ করার জন্য তিনটি মনোজ্ঞ টিভি কর্মাশিয়াল প্রদর্শন করা হয়, যা উপস্থিত সকলকে বিমোহিত করে। অনুষ্ঠানে এ ধরণের জন উদ্বুদ্ধকরণ টিভিসি গণমাধ্যমে বেশি বেশি প্রচার করার জন্য পরামর্শ প্রদান করা হয়।

সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান অনুষ্ঠানে অংশীদারিত্বমূলক সংলাপে স্বতঃস্ফুর্তভাবে অংশগ্রহণের জন্য উপস্থিত সকলকে আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। উন্মুক্ত আলোচনায় বিভিন্ন সংগঠনের প্রতিনিধিগণের অংশগ্রহণের মাধ্যমে সংলাপে উত্থাপিত মতামত, সুপারিশসমূহ পারস্পরিক অংশীদারিত্বের ভিত্তিতে সকলের সহযোগিতায় বাস্তবায়নের আশ্বাস দেন তিনি। এক্ষেত্রে তিনি বাংলাদেশ ব্যাংক, ক্যাব, বেসিস, আজেএসসি এবং আইপিএবি'র সার্বিক সহযোগিতা প্রত্যাশা করেন।

সংলাপে দুনীর্তি দমন কমিশনের সাবেক চেয়ারম্যান ও ক্যাব এর সভাপতি জনাব গোলাম রহমান, বেসিস সভাপতি ও জাতীয় আইটি বিশেষজ্ঞ জনাব মোস্তফা জব্বার, বাংলাদেশ ব্যাংকের মহাব্যবস্থাপক (জিএম) জনাব মোহাম্মদ আহম্মদ আলী, যৌথ মূলধনী কোম্পানি ও ফার্মসমূহের নিবন্ধক (আরজেএসসি) জনাব মো. আবদুল হাই, জাতীয় ভোক্তা অধিকার ও সংরক্ষণ অধিদফতর পরিচালক জনাব ড. মো. শাহাদাৎ হোসেন, আইপিএবি ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আজিজুর রহমান, জাতীয় রাজস্ব বোর্ডের সদস্যবর্গসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

দুনীর্তি দমন কমিশনের সাবেক চেয়ারম্যান ও ক্যাব এর সভাপতি জনাব গোলাম রহমান বলেন, 'দেশের উন্নয়নের জন্য প্রচুর অর্থের প্রয়োজন। জনগণ এ অর্থ প্রদান করেন। জাতীয় রাজস্ব বোর্ডের দায়িত্ব যথাযথভাবে এ অর্থ সংগ্রহ করে রাষ্ট্রীয় কোষাগারে জমা দেয়া। গত দুই অর্থবছরে উচ্চাবিলাসী লক্ষ্যমাত্রা থাকলেও জাতীয় রাজস্ব বোর্ড তা অর্জন করতে সক্ষম হয়েছে। এ জন্য তিনি বিগত কয়েক বছর রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনে ধারাবাহিক সাফল্যের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের বর্তমান নেতৃত্বের ভূয়সী প্রশংসা করেন। ভবিষ্যতেও রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনে এ ধারাবাহিকতা বজায় থাকবে বলে তিনি দৃঢ় আশাবাদ ব্যক্ত করেন।'

তিনি আরো বলেন, 'ভোক্তা থেকে ব্যবসায়ীরা ভ্যাট নিলেও অনেক সময় সঠিকভাবে সরকারি কোষাগারে তা জমা দেন না। ভ্যাট রেজিস্ট্রেশন বাধ্যতামূলক করে ভ্যাট আদায় করতে পারে এনবিআর। যৌথ মূলধনী কোম্পানিসহ সংশ্লিষ্টদের সাথে পার্টনারশিপ ও ইসিআর ব্যাপক ব্যবহার বাড়ালে ভ্যাট ফাঁকি কমে যাবে। নিত্য প্রয়োজনীয় পণ্যে শুল্ককর, ভ্যাট না বাড়ানোর জন্য এনবিআরকে ধন্যবাদ জানান। ভ্যাট আদায়ে ভোক্তার সম্পৃক্ততা ও সচেতনতা বাড়াতে ক্যাব সব সময় এনবিআরের পাশে থাকবে।'

বেসিস সভাপতি ও জাতীয় আইটি বিশেষজ্ঞ জনাব মোস্তফা জব্বার এনবিআরের আধুনিকায়ন কার্যক্রম জোরদার করার জন্য তথা ডিজিটাল এনবিআর গঠনের ওপর গুরুত্বারোপ করে বলেন, রাজস্ব কর্মকর্তাদের আধুনিক তথ্য-প্রযুক্তি বিষয়ক পেশাগত জ্ঞান ও দক্ষতা অর্জনের কোন বিকল্প নেই। কর্মকর্তাদের রাজস্ব সংগ্রহের ক্ষেত্রে বড় চ্যালেঞ্জ হলো ডিজিটালাইজেশন প্রক্রিয়া পরিপূর্ণভাবে চালু না হওয়া। এনবিআর কর্মকর্তাদের প্রযুক্তি ব্যবহার বাড়াতে হবে। এক্ষেত্রে বেসিস থেকে সব ধরণের সহযোগিতা করা হবে। তিনি আরো বলেন, এনবিআর ডিজিটাল হলে রাজস্ব বাড়বে। ব্যবসা-বাণিজ্য ডিজিটাল হতে হবে। সফটওয়্যারের ক্ষেত্রে বাংলা ভাষার ব্যবহার বৃদ্ধি করতে হবে। দেশিয় শিল্পের সুরক্ষার্থে উৎপাদনকারী দেশিয় শিল্প প্রতিষ্ঠানের জন্য আমদানিকৃত কাঁচামাল ও যন্ত্রাংশের ক্ষেত্রে সুবিধা বাড়ানোর পাশাপাশি 'ফিনিশড প্রোডাক্ট' আমদানির ক্ষেত্রে নির্ধারিত পণ্যে অধিক হারে শুল্কারোপ করার আহ্বান জানান।

সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান সভাপতির বক্তব্যে বলেন, জাতীয় রাজস্ব বোর্ড এখন একটি ব্যবসা-বান্ধব, শিল্প-বান্ধব ও বিনিয়োগ-বান্ধব জনমুখী প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। সম্মানিত করদাতারা এখন স্বেচ্ছায় কর ও ভ্যাট দিয়ে বাহাদুরী দেখাচ্ছেন। এনবিআরের সকল কাজে সুশাসনের বাতাবরণ বইছে এখন। করদাতারা কর প্রদানের ক্ষেত্রে আগের তুলনায় অনেক বেশি উৎসাহিত ও উদ্বুদ্ধ। যার প্রমাণ আমরা দেখতে পাচ্ছি, ই-টিআইএন নিবন্ধন ইতোমধ্যে ২৬ লাখ ৩০ হাজার পেরিয়ে গেছে। অর্থনৈতিকভাবে সক্ষম সবাইকে ই-টিআইএন (ইলেকট্রনিক আইডেন্টিফিকেশন নম্বর) নিতে হবে। মাননীয় অর্থমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী এবছর ২৫ লাখ ই-টিআইএন নিবন্ধনের লক্ষ্যমাত্রা ছিল।

তিনি আরো বলেন, 'আমরা এনবিআরে এমন রাজস্ব-বান্ধব সংস্কৃতি চালু করব যাতে করে ভোক্তার অধিকার ও স্বার্থ সুরক্ষিত হয়। ভোক্তাবান্ধব প্রতিষ্ঠান হিসেবে এনবিআরকে গড়ে তোলার চেষ্টা করা হচ্ছে। জন-বান্ধব এনবিআর গঠন করার ক্ষেত্রে তিনি বাংলাদেশ ব্যাংক, ক্যাব, বেসিস, যৌথ মূলধনী কোম্পানিসহ অংশীজনদের সহায়তা কামনা করেন। তিনি আরো বলেন, অনেক বিদেশি উন্নয়ন সহযোগি রাজস্বের ক্ষেত্রে আমাদের সহযোগিতা করার কথা। অনেকে এর ব্যত্যয় ঘটিয়ে রাজস্ব ফাঁকি দিচ্ছেন। শুল্ক গোয়েন্দা ইতোমধ্যে এর রহস্য উদঘাটন করছে। তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হচ্ছে। যৌথ মূলধনী কোম্পানির মধ্যে যারা রাজস্ব ফাঁকি দিচ্ছে তা রোধ নিশ্চিদ্র করতে জাতীয় রাজস্ব বোর্ড কাজ করছে। এক্ষেত্রে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা ও অকুণ্ঠ সমর্থন কামনা করেন তিনি।

বর্ণিত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

03.01.2017
(সৈয়দ এ. মু'মেন)
সিনিয়র তথ্য কর্মকর্তা

প্রাপকঃ
বার্তা সম্পাদক
সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া।